

ত্রিপুরা উপজাতি এলাকা স্ব-শাসিত জেলা পরিষদ
তথা, সংস্কৃতি ও পর্যটন দপ্তর,
খুমলুঙা, পশ্চিম ত্রিপুরা

খুমলুঙা এডিসি অফিসের কর্ম সংস্কৃতি বিষয়ে বৈঠক

এডিসি/স-১৫৭

খুমলুঙা, ১৬।১।২০১১ইং

আজ খুমলুঙাস্থিত এডিসির সমস্ত অফিসের অফিসার ও কর্মচারীদের নিয়ে নুউই অডিটোরিয়াম হলে অফিসের কর্ম সংস্কৃতি বিষয়ে বৈঠক হয়। বৈঠকে উপস্থিত ছিলেন এডিসির উপদেষ্টা ও প্রশাসন সংস্কার কমিটির চেয়ারম্যান তথা এমডিসি প্রদ্যোৎ বিক্রম কিশোর মানিক্য দেববর্মা, মুখ্যনির্বাহী সদস্য পূর্ণচন্দ্র জমাতিয়া, উপদেষ্টা ও প্রশাসন সংস্কার কমিটির সদস্য বিজয় কুমার রাঙখল, মুখ্যনির্বাহী আধিকারিক সিকে. জমাতিয়া। এছাড়া উপস্থিত ছিলেন অতিরিক্ত মুখ্যনির্বাহী আধিকারিক উয়ারঞ্জন দেববর্মা, উপ-মুখ্যনির্বাহী আধিকারিক সুরত চৌধুরীসহ নির্বাহী আধিকারিকগণ ও বিভিন্ন দপ্তর প্রধানগণ।

এডিসির সরকারী মহিলা কর্মচারীদের মাতৃস্ব কালীন এক বছর সবেতন ছুটি দেয়ার প্রস্তাব করেন। এই বৈঠকে ভাষণদানকালে এডিসির সংস্কার কমিটির চেয়ারম্যান তথা এমডিসি প্রদ্যোৎ বিক্রম কিশোর মানিক্য দেববর্মা এই প্রস্তাব করেন। শ্রীদেববর্মা আরও স্বাস্থ্য বীমা, হাউজিং পলিসি, লোন পলিসি সহ কর্মচারীদের উন্নয়নে প্রকল্প গ্রহন করার প্রস্তাব করেন। এছাড়া অফিসগুলোতে মহিলাদের জন্য স্বাস্থ্য সন্মত সুন্দর শৌচালয় এবং পর্যাপ্ত নিরাপত্তা রাখার উপর গুরুত্বারোপ করেন। একজন কর্মচারীর কাছে অফিস মন্দির। দিনের অধিকাংশ সময় সেখানে থাকেন। স্বচ্ছতা বজায় রেখে জনগণের কাজ সময় মত শেষ করার উপর জোর দেন। আরও বলেন রাজনৈতিক ব্যক্তিত্বগণ পাঁচ বছর পর ক্ষমতা থেকে চলে যায়। কিন্তু সরকারী কর্মচারী ৬০ বছর পর্যন্ত কাজ করবে। অবসরে যাবার পর নব প্রজন্ম কাছে চাকুরী জীবনের স্মৃতি তুলে ধরবেন। পোষাক পরিচ্ছদের মাধ্যমে এক জাতির পরিচয় ফুটে উঠে। তিপ্রাসার পোষাক আমাদের পরিধান করতে আপত্তি কিসের? আজ রিসা সর্বত্র ব্যবহার হয়। দেবব্রত কলই ২০০১ সালে প্রথম রিসার প্রচলন আরম্ভ করেছিল। এডিসি এলাকা উন্নয়নে কর্মচারীদের কাছ থেকে ও পরামর্শ চেয়েছেন তিনি। মহারাজা বীরবিক্রম কিশোর মানিক্য পড়াশোনা কি ছিল। তিনি রাজ্যের উন্নয়নে প্রচুর কর্মসূচী গ্রহণ করেছিলেন। সেখানে শিক্ষা কোন বাধা হয়নি।

এই বৈঠকে বক্তব্য রাখতে গিয়ে মুখ্যনির্বাহী সদস্য পূর্ণচন্দ্র জমাতিয়া জনগণের স্বার্থে সুসম্পর্ক বজায় রেখে সন্মিলিত ভাবে যত্নবান হয়ে কাজ করার জন্য গুরুত্বারোপ করেন। জনগণের জন্য হলেও নিজের কাজ বলে কাজ এগিয়ে নিয়ে যেতে হবে। বিশেষ করে বুবাঘার নেতৃত্বে এডিসির গৃহীত কর্মসূচী রূপায়নে সকলকে সহযোগিতা করতে শ্রীজমাতিয়া আহ্বান রাখেন।

৩৯ বছর হয় এডিসি গঠন হয়েছে। আজ মুখ্যনির্বাহী আধিকারিক সিকে জমাতিয়া একথা বলেন। তিনি বলেন বর্তমান তিপ্রাসা তথা প্রশাসন চাহিদা মত কাজ পাচ্ছে না। সময়মত কাজ এগিয়ে নেওয়া যায় তাহলে উন্নয়ন কাজ ব্যাহত হবে না। দীর্ঘদিনের কর্মপন্থা পরিবর্তন করার পরামর্শ দেন তিনি। সকলের সমবেত কাজের মাধ্যমে উন্নয়ন কাজকে এগিয়ে নিয়ে যাবার আহ্বান জানান তিনি। সব অফিস এলাকা পরিষ্কার পরিচ্ছন্নতা রাখার জন্য কর্মচারীদের প্রতি নির্দেশ জারী করেন। অফিসে নির্দিষ্ট সময়ে আসা যাওয়া করার উপর গুরুত্বারোপ করেন। অফিসে এসে জনগণ যাহাতে সময় মত কাজ পেতে পারেন সে বিষয়ে নজর দিতে হবে। এডিসি সদর দপ্তর খুমলুঙাকে আরও সৌন্দর্যায়ন করার উপর গুরুত্বারোপ করেন। এছাড়া তিনি জানান পরবর্তী সময়ে জোন্যাল ও সাবজোন্যাল পর্যায়ে এধরনের বৈঠক করা হবে।